উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

**ডিসেম্বর /২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৯তম সাধারণ সভার কার্যবিবরণি**

সভাপতি : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময়: ২০ ডিসেম্বর ২০২১ সকাল : ১১.৩০ ঘটিকা
(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রস্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ, সিলেট |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | কোন সার্কুলার /পরিপত্র পাওয়া যায়নি। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | (ক) নভেম্বর/২০২১ মাসে উপজেলা কমিটির (স্থায়ী কমিটি) কোন প্রকল্প প্রস্তাব বা সুপারিশ নেই।<br>সিদ্ধান্ত : বিগত সভায় অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারীত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যনগণকে অনুরোধ করা হয়।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ বিভিন্ন প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ গৃহীত প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ইউডি এস, জাইকা প্রকল্প/ ইউপি চেয়ারম্যান (সকল), বালাগঞ্জ |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য পক্ষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বালাগঞ্জ, "গ্রীন হাউজ গ্যাস নিরসরণ কমানোর লক্ষ্যে বালাগঞ্জ উপজেলায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন শীর্ষক প্রকল্প নিয়ে প্রস্তাব উথ্থাপন করেন। প্রকল্পটি বাস্তবায়িত হলে গ্রীন হাউজ গ্যাস বিশেষ করে কার্বনডাই অক্সাইড ও মিথেন নিরসন কমানোর পাশাপাশি সৌর বিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে মানুষের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে যার ফলে প্রকল্পটি টেকসই পরিবেশবান্ধব ও জলবায়ু নিরসন হবে।<br>সিদ্ধান্ত : গ্রীন হাউজ গ্যাস নিরসরণ কমানোর লক্ষ্যে বালাগঞ্জ উপজেলায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মাননীয় সংসদ সদস্য/ চেয়ারম্যান, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | সিলেট- ৩ আসনের মাননীয় সংসদ সদস্য পক্ষে বোয়ালজুড় ইউপি চেয়ারম্যান, বালাগঞ্জ উপজেলার হাট বাজারে স্ট্রিট লাইট স্থাপনের বিষয়ে আলোচনা করেন।<br>সিদ্ধান্ত : উপজেলার হাট বাজারগুলোতে স্ট্রিট লাইট স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদ জীপ গাড়ীর অক্টোবর,২০২১ মাসের জ্বালানী বিল বাবদ ১৮,৬৬২/- (আটার হাজার ছয়শত বাষট্টি শেখ রাসেল দিবস/২০২১ উদযাপন উপলক্ষে ৪,৮০০/-(চার হাজার আটশত) টাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভূবনের ইলেক্ট্রিক লাইন মেরামত বাবদ ৪,৯০০/- (চার হাজার নয়শত) টাকা, সম্প্রীতি সমাবেশ/২০২১ উপলক্ষে ২০,০০০/-(বিশ হাজার) টাকা, উপজেলা পরিষদের পানি নিষ্কাশনের ড্রেন লাইন চালুকরণ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং ২ সেট সোফা ক্রয় বাবদ ১,৭১,৭৬০/- (এক লক্ষ একাত্তর হাজার সাতশত ষাট) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |
| বিবিধ | (ক) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি)'র আওতায় গৃহিত প্রকল্পসমূহের কাজের অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের জন উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।।<br>সিদ্ধান্ত : ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিলের (এডিপি)'র আওতায় গৃহিত প্রকল্পসমূহের কাজের অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার সভায়, উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের কাজ দ্রুত সম্পন্ন না হওয়ায় শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। বিদ্যালয় সমূহের কাজ দ্রুত স'পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্তঃ উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের অসম্পন্ন কাজ দ্রুত সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা প্রকৌশলী বালাগঞ্জ সভায় মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণে মাটি কম্প্যাকশন করনের জন্য জরুরী ভিত্তিতে হ্যান্ড কম্পেক্টর/ প্লেট কম্পেক্টর মেশিন সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : জরুরী বিবেচনায় উপকরণ হিসেবে নীতিমালা প্রতিপালন পূর্বক হ্যান্ড কম্পেক্টর/ প্লেট কম্পেক্টর মেশিন উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল) |

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানান। তিনি উপজেলা কমিটির সভা নিয়মিত আহবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ৫৪১(৫০) তারিখ : ২০ ডিসেম্বর ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। কমিশনার, সিলেট বিভাগ

০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ

০৫। জেলা প্রশাসক, সিলেট

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট

০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। উপজেলা .................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট

০২। চেয়ারম্যান....................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট

২০/১২/২০২১

(রোজিনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

২০/১২/২১

| ক্রমিক | জনপ্রতিনিধিবৃন্দ | ১৯/০৯/২০২১ | ২১/১০/২০২১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/২২ | ২৪/২/2022 | ১৬/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | জনাব হাবিবুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>সিলেট-৩ | | M.P. | | | | | |
| ০২. | জনাব মো: মোস্তাবুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | upr Ch. | | | | | |
| ০৩. | জনাব মো: সামসু উদ্দিন<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | | | | | | |
| ০৪. | জনাব সেবু আক্তার মনি<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | | | | | | |
| ০৫. | চেয়ারম্যান<br>পূর্ব দৈলনপুর ইউপি | | | | | | | |
| ০৬. | চেয়ারম্যান,<br>বোয়ালজুড় ইউপি | | | | | | | |
| ০৭. | চেয়ারম্যান<br>দেওয়ান বাজার ইউপি | | | | | | | |
| ০৮. | চেয়ারম্যান<br>পশ্চিম গৌরীপুর ইউপি | 19-09-2021 | | | | | | |
| ০৯. | চেয়ারম্যান<br>বালাগঞ্জ ইউপি | | | | 20.12.21 | 13.07.22 | | |
| ১০ | চেয়ারম্যান<br>পূর্ব গৌরীপুর ইউপি | | | | | | | |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১২/০৯/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/২২ | ২৪/২/২০২২ | ২৩/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] 13/3/22 |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | |
| ০৪. | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] | — | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ২৩/০৩/২২ |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [signature] | [signature] | — | [signature] | [signature] | [signature] | |
| ০৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ২৩/০৩/২২ |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | — | — | [signature] | [signature] | [signature] | | |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |
| ১৫ | ~~উপজেলা যুব উন্নয়ন ক~~ | | | | | | | |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১৯/০৯/২০২১ | [illegible]/১০/২০২১ | ২১/১১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/22 | ১৪/২/২০২২ | ১৪/০৬/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা- | [signature] | [signature] | | [signature] | – | [signature] | [signature] | [signature] |
| ১৬. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] 13.01.2022 | [signature] 14.02.2022 | [signature] 14/06/2022 |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] |
| ১৮. | প্রশাসনিক কর্মকর্তা- | [signature] | [signature] | | [signature] | [signature] | | | [signature] |
| ১৯. | সমন্বয়কারী/ব্যবস্থাপক আমার বাড়ি আমার খামার প্র: | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ২০. | তথ্য সেবা কর্মকর্তা- | | | | | | | | |
| ২১. | বন কর্মকর্তা- | | | | | | | | |